৬৭

দৈনিক বাংলা

তারিখ ২ 1 AUG 1997
পৃষ্ঠা ১ কলাম ৪

## অব্যাহত গবেষণার ওপর গুরুত্ব আরোপ

# বিজ্ঞান ও প্রযুক্তির সর্বোত্তম ব্যবহার দরকার ঃ প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশের অগ্রগতি সাধনের লক্ষ্যে বিজ্ঞান ও প্রযুক্তির ব্যাপক ব্যবহারের প্রয়োজনীয়তার ওপর গুরুত্ব আরোপ করেছেন। খবর বাসসর।

বুধবার সকালে আইসিসিতে জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি পরিষদ (এনসিএসটি)-এর চতুর্থ বৈঠকে সভানেত্রীর ভাষণে তিনি বলেন, দেশ ও জাতিকে অগ্রগতি ও সমৃদ্ধির পথে এগিয়ে নেয়ার লক্ষ্যে আমাদের অবশ্যই ব্যাপক গবেষণাকর্ম চালাতে হবে এবং বিজ্ঞান ও প্রযুক্তির সর্বাধিক ব্যবহার নিশ্চিত করতে হবে।

তিনি বলেন, বিজ্ঞান ও প্রযুক্তির ব্যবহার সর্বত্র ছড়িয়ে দেয়া ছাড়া দেশের সর্বাত্মক উন্নয়ন সম্ভব নয়। তিনি বলেন, আধুনিক বিজ্ঞানের যুগে বাংলাদেশ পিছিয়ে থাকতে পারে না।

শেখ হাসিনা বলেন, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বিজ্ঞান ও প্রযুক্তিকে অগ্রাধিকার দিয়েছিলেন। একে প্রথম পঞ্চবার্ষিক পরিকল্পনায় অন্তর্ভুক্ত করা হয়। তিনি বলেন, বর্তমান সরকারও বিজ্ঞান ও প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে দেশের উন্নয়নের চেষ্টা করে যাচ্ছে।

অর্থমন্ত্রী শাহ এ এম এস কিবরিয়া, বাণিজ্য ও শিল্পমন্ত্রী তোফায়েল আহমেদ, শিক্ষামন্ত্রী এ এস এইচ সাদেক, কৃষিমন্ত্রী বেগম মতিয়া চৌধুরী, বন ও পরিবেশমন্ত্রী বেগম সাজেদা চৌধুরী, বিভিন্ন মন্ত্রণালয়ের সচিবগণ এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর অধ্যাপক এ কে আজাদ চৌধুরী অন্যান্যের মধ্যে আলোচনায় অংশ নেন।

(৮-এর পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## বিজ্ঞান ও প্রযুক্তির সর্বোত্তম ব্যবহার দরকার

(প্রথম পৃষ্ঠার পর)

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, মেধা পাচার বন্ধের লক্ষ্যে উৎসাহ প্রদানের ব্যবস্থার অংশ হিসাবে বিভিন্ন প্রকার ভাতা বাড়িয়ে দেয়া হবে। তিনি বলেন, লেখাপড়া শেষ করার পর যে সব শিক্ষিত ব্যক্তি বিদেশে অবস্থান করছেন তাদের পাঠানো অর্থের পরিমাণ বাড়াতে হবে।

তিনি আশা প্রকাশ করেন যে এই পরিষদ কৃষি, বিজ্ঞান ও শিক্ষার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রাখবে। তিনি বলেন, পরিষদের কর্মতৎপরতা পরিচালনার জন্য একটি উপযুক্ত রূপরেখা মেনে চলতে হবে।

সভায় পূর্ববর্তী বৈঠকের কার্যক্রম অনুমোদন এবং তৃতীয় বৈঠকের সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করা হয়।